"একই স্মারকে প্রতিস্থাপিত"
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০৪২.২১- ১৬৪৩৮

তারিখ: ১৫/০৯/১৪২৮ বঙ্গাব্দ
৩১/১২/২০২১ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিয়োক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জা,বে, স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সহকারী মেকানিক<br>৯৭০০-২৩৪৯০/-, গ্রেড-১৫ | ০১(এক)টি | ১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। | সকল জেলা |
| ২. | স্টোর সহকারী<br>৯৩০০-২২৪৯০/-, গ্রেড-১৬ | ০১(এক)টি | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৩. | ওয়ার্কশপ হেলপার<br>৮৫০০-২০৫৭০/-, গ্রেড-১৯ | ০৩ (তিন)টি | সরকার অনুমোদিত কোন ভকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে সার্টিফিকেটধারী হতে হবে। | |
| | সর্বমোট= | ৫(পাঁচ)টি | | |

**দরখাস্তের শর্তাবলিঃ**

১. **প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। জাতীয় পরিচয়পত্র ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।**

২. নির্ধারিত ফরমের **সকল কলাম সঠিকভাবে পূরণ করতঃ নিজ হাতে লেখা আবেদনপত্র স্বাক্ষরসহ** দাখিল করতে হবে এবং প্রবেশপত্রে প্রার্থীর নাম, মাতার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিকভাবে পূরণ করে আবেদনের সাথে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের ফরম ও প্রবেশপত্রের নমুনা কপি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে (www.fireservice.gov.bd) পাওয়া যাবে।

৩. যে সকল প্রার্থীর বয়স **১ ডিসেম্বর, ২০২১ তারিখে ১৮ বছর পূর্ণ হবে এবং ২৫ মার্চ, ২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছর হয়েছে তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে, যে সকল বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার বয়স ২৫ মার্চ, ২০২০ তারিখে ৩২ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন।** কিন্তু বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না (বয়সের প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)।

৪. পূরণকৃত আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি (পাসপোর্ট সাইজের) এবং প্রবেশপত্রের সাথে ০১ (এক) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) নির্দিষ্ট স্থানে (আঠা দ্বারা )সংযুক্ত করতে হবে।

৫. পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ০১ ও ০২ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং-০৩ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ৫০/-(পঞ্চাশ)টাকা (অফেরতযোগ্য) **মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে ১-৭৩৬১-০০০০-২০৩১ কোড নম্বরে ট্রেজারি চালানের মাধ্যমে {বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে (ট্রেজারি শাখায়)} জমা করে ট্রেজারি চালানের মূল কপি** ( পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নয়) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং আবেদনপত্র প্রেরিত খামের উপরে আবেদনকৃত পদের নাম উল্লেখ থাকতে হবে।

৬. **পূরণকৃত আবেদন ফরম ও প্রবেশপত্রের কপি (ছবিসহ), পরীক্ষার ফি বাবদ জমাকৃত ট্রেজারি চালানের মূলকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি** এবং প্রবেশপত্র প্রেরণসহ যেকোন পত্র যোগাযোগের নিমিত্ত আবেদনকারীর নিজস্ব ঠিকানাযুক্ত ৯× ৪ সাইজের ফেরত খামসহ (ফেরত খামে ১০/- মূল্যের সার্ভিস স্ট্যাম্পসহ খামের ডান পাশে **প্রাপকের নাম-ঠিকানা লেখা থাকতে হবে) আবেদনপত্র আগামী ১২/০১/২০২২ তারিখ রোজ বুধবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে মহাপরিচালক**, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা বরাবর পৌছাতে হবে (হাতে হাতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না)। উক্ত তারিখ ও সময়ের পরে পৌছানো আবেদন গ্রহণযোগ্য হবে না। কাগজপত্র যাচাই বাছাইয়ে সঠিক প্রার্থীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র প্রদান করা হবে।

৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূলকপি (**সকল শিক্ষাগত যোগ্যতার সনদ**, বয়স প্রমাণের জন্য **জাতীয় পরিচয়পত্র**, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক **নাগরিকত্ব সনদ**, মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে **মুক্তিযোদ্ধার সাময়িক সনদ, গেজেট, মুক্তিবার্তা, মুক্তিযোদ্ধা** সংসদের সনদ, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক **প্রত্যয়নপত্র** এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে **যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র** ) প্রদর্শন করতে হবে এবং পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি, **১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রসহ** সকল সনদ বা প্রমাণ পত্রের ০১(এক) সেট ফটোকপি (**১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে** ) জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সীল থাকতে হবে।

৮. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে আবেদন করতে হবে এবং তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

১০. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে (স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য তথ্য, কোটা প্রমাণের তথ্যাদি) চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে চলমান সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) অনুসরণ করা হবে।

১২. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের চাকরিতে নিয়োগ লাভের ক্ষেত্রে কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ বা আর্থিক লেনদেনের সুযোগ নেই। এধরনের যেকোন প্রচেষ্টা প্রার্থীর ব্যক্তিগত অযোগ্যতা হিসেবে গণ্য হবে এবং নিয়োগের যেকোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল ঘোষণা করা হবে। এমনকি এধরনের অনিয়মের প্রমাণ পাওয়া গেলে নিয়োগ লাভের পরও সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে চাকরিচ্যুতিসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে
কর্তৃপক্ষ

৩১/১২/২০২১
মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

H:\SAJAHAN SIR\admin section\Other lost files\Recruitment 2021\advertisement-ফাইনাল.doc.doc

# চাকরির আবেদন ফরম

বরাবর,
মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

| |
|---|
| সম্প্রতি তোলা **পাসপোর্ট সাইজের** রঙিন ছবি (০৪ কপি) |

**বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ........................................................................পদে চাকরির জন্য আবেদন।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | |
| ২. | বিজ্ঞপ্তির স্মারক নম্বর: | | | তারিখ: | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলা: | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | |
| ৯. | পিতার নাম: | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | |
| | ডাকঘর: | | | | |
| | পোস্টকোড নম্বর: | | | | |
| | উপজেলা: | | | | |
| | জেলা: | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): | |
| ১২. | জাতীয়তা: | | | ১৩. | জেন্ডার/লিঙ্গ: |
| ১৪. | ধর্ম: | | | ১৫. | বৈবাহিক অবস্থা: |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর

H:\SAJAHAN SIR\admin section\Other lost files\Recruitment 2021\advertisement-ফাইনাল.doc.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

# প্রবেশপত্র

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (০১ কপি)

রোল নং (অফিস কর্তৃক পূরণীয়):

প্রার্থীর নাম :

মাতার নাম :

পিতার নাম :

স্থায়ী ঠিকানা : বাসা/সড়ক :

গ্রাম/পাড়া/মহল্লা:

ডাকঘর :

থানা/উপজেলা :

জেলা :

বিষয়: ........................................ পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের উল্লিখিত পদে আপনার আবেদন সঠিক বিবেচিত হওয়ায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে বিবেচিত করা হলো। লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যথাসময়ে নিমোক্ত স্থানে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো। এ জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

<u>লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময়</u>
(অফিস কর্তৃক পূরণীয়)

ফাসাওসিডি/প্রবেশপত্র/২০২১